# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]*

**১.** ▶ সিংহজানির রাজা জামালপুরের শাসনকর্তার নিকট ৮ ট্রাক উপহার সামগ্রী পাঠান। কিন্তু নন্দীপুরের নিকট দিয়ে আসার সময় ডাকাতেরা ট্রাকের মালামাল লুট করে নিয়ে যায়। জামালপুরের শাসনকর্তা মির্জা মনি ডাকাতদের প্রত্যার্পণ অথবা লুটকৃত মালামাল ফেরত দিতে নন্দীপুরের রাজা নন্দলালের নিকট দূত পাঠান। নন্দীপুরের রাজা এতে অস্বীকৃতি জ্ঞাপন করলে জামালপুরের শাসনকর্তা নন্দীপুর দখল করার জন্য সেনাপতি প্রেরণ করেন এবং ইহা দখল করেন।

ক. সুলতান মাহমুদ কোথাকার সুলতান ছিলেন? ১

খ. সুলতান মাহমুদ মন্দির আক্রমণ করেছেন কেন? ২

গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্যবই এর কোন বিষয়ের সাদৃশ্য ও বৈসাদৃশ্য আছে। সংক্ষেপে বিজয়ের কারণগুলো লিখ। ৩

ঘ. উক্ত বিজয় কি নিষ্ফল বিজয় ছিল? বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ রশিদপুরের সুলতান 'ক' কম্পপুরের রাজার বিরুদ্ধে যুদ্ধাভিযান করেন এবং চন্দ্রার প্রান্তরে উভয় পক্ষের তুমুল যুদ্ধ হয়। এতে রশিদপুরের রাজা চরমভাবে পরাজিত হন। এই যুদ্ধকে চন্দ্রার ১ম যুদ্ধ বলে। পরের বছর রশিদপুরের রাজা আবার যুদ্ধাভিযান করেন এবং চন্দ্রার প্রান্তরে যুদ্ধে কম্পপুরের রাজাকে পরাজিত করে কম্পপুর অধিকার করেন।

ক. ভারতের প্রথম মুসলিম সুলতান কে ছিলেন? ১

খ. সুলতান মাহমুদ ও মুহাম্মদ ঘুরির ভারত আক্রমণের মধ্যে প্রকৃতিগত পার্থক্য কী? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের যুদ্ধের সাথে পাঠ্য বই এর কোন যুদ্ধের মিল আছে— আলোচনা কর। ৩

ঘ. উক্ত সুলতানের ভারত বিজয়ের বিবরণ দাও। ৪

৩.▶ রাজশাহীর সুলতান বদর উদ্দিন কাজল অত্যন্ত শক্তিশালী শাসক ছিলেন। তিনি তার দরবারের বিশজন প্রভাবশালী ব্যক্তিদের নিয়ে একটি দল ছিল। যারা সব সময় সুলতানের বিরোধিতা করত। তিনি অত্যন্ত কঠোরভাব তাদের দমন করেন। তিনি রাজশাহীকে শক্তিশালী করেন।

ক. সুলতানা রাজিয়ার রাজত্বকাল লিখ। ১

খ. পাল বংশ নামকরণের সার্থকতা কতটুকু? ২

গ. উদ্দীপকের শাসকের সাথে কোন সুলতানের কোন বিষয়ের মিল রয়েছে? ৩

ঘ. সাম্রাজ্য দৃঢ়করণে উক্ত সুলতানের গৃহীত পদক্ষেপগুলো লিখ। ৪

৪.▶ সোনারগাঁওয়ের জমিদার ঈশা খাঁ তার প্রজাদের সুখশান্তির জন্য এবং প্রজারা যাতে নির্ধারিত মূল্যে দ্রব্য ক্রয় করতে পারেন তাই জিনিসপত্রের দাম নির্ধারণ করে দেন এবং উহা বাস্তবায়ন করেন।

ক. দিল্লির প্রথম খলজি বংশের সুলতান কে ছিলেন? ১

খ. আলাউদ্দিন খলজি কেন নতুন ধর্ম প্রবর্তনের পরিকল্পনা করেছিলেন? ২

গ. উদ্দীপকের সাথে কোন সুলতানের কোন বিষয়ের মিল রয়েছে— আলোচনা কর। ৩

ঘ. উক্ত সুলতান তার নীতি বাস্তবায়নের জন্য কী পদক্ষেপ করেছেন—মূল্যায়ন কর। ৪

৫.▶ শিমুলিয়ার শাসনকর্তা সিরাজ উদ্দিন সিংহাসনে আরোহন করে তার রাজবাড়ী স্থান্তর করেন। স্বর্ণমুদ্রার পরিবর্তে কাগজের মুদ্রা প্রবর্তন করেন। সূদুর বিহার অধিকার করার জন্য বিশাল সৈন্যবাহিনী গঠন করেন। দোলদিয়ার উপর অতিরিক্ত করারোপ করেন।

ক. তুগলক বংশের প্রথম সুলতান কে? ১

খ. মুহাম্মদ বিন তুঘলকের পরস্পর বিপরীত গুণের মিশ্রণ ঘটেছিল— বুঝিয়ে বল। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের সাথে কোন সুলতানের মিল রয়েছে— তার পরিকল্পনাগুলো লিখ। ৩
ঘ. উক্ত সুলতানের পরবর্তী সুলতানের পিতা মহীসুলভ নীতিগুলো দিল্লী সালতানাতের পতনের জন্য দায়ী ছিল। ব্যাখ্যা কর। ৪

**৬.** ▶ আসামের শাসনকর্তা সালাদীন খাঁ-র রাজ্য থেকে বিতাড়িত হয়ে অনেক বাধা-বিঘ্ন অতিক্রম করে বিহারের শাসনকর্তা ইউসুফকে পরাজিত করে উক্ত রাজ্য অধিকার করেন এবং খান বংশ প্রতিষ্ঠা করেন। তিনি তার জীবনের কাহিনী নিয়ে সালাদীননামা রচনা করেন।

ক. দিল্লির শেষ সুলতান কে ছিলেন? ১
খ. আলম খান লোদী ও দৌলত খান লোদী বাবরকে ভারত আক্রমণের আমন্ত্রণ জানিয়েছিলন কেন? ২
গ. উদ্দীপকের সাথে কোন শাসকের মিল রয়েছে বুঝিয়ে লিখ। ৩
ঘ. উক্ত শাসকের কৃতিত্ব বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ নান্দিনার শাসনকর্তা আলী শাহ্ জামালপুরের শাসনকর্তা হুসাম উদ্দিনকে পরাজিত করে তার সাম্রাজ্য অধিকার করেন। তিনি শাসন ব্যবস্থা ও ভূমি ব্যবস্থার সংস্কার করেন। জামালপুর থেকে চট্টগ্রাম পর্যন্ত বিশাল রাস্তা নির্মাণ করেন।

ক. বৈরাম খাঁ কে ছিলেন? ১
খ. দ্বীন-ই-ইলাহী কী প্রকৃতপক্ষে একটি ধর্ম ছিল? ২
গ. উদ্দীপকের সাথে কোন শাসকের মিল রয়েছে— লিখ। ৩
ঘ. কাকে সিংহাসনের পশ্চাতের শক্তি বলা হতো, কেন বলা হতো— ব্যাখ্যা কর। ৪

**৮.** ▶ স্পেনের শাসনকর্তা তৃতীয় আর রহমান সুযোগ্য শাসক ছিলেন। তিনি তার বেগমের নামানুসারে ইতিহাস বিখ্যাত আজ-জোহরা প্রাসাদ নির্মাণ করেন— যা এখনও বর্তমান থেকে তার পত্নী প্রেমের নিদর্শন বহন করছে।

ক. মনসব শব্দের অর্থ কী? ১
খ. রাজপুতদের সাথে সম্রাট আকবরের বৈবাহিক সম্পর্ক স্থাপনের মূল কারণ কী? ২
গ. উদ্দীপকের শাসকের সাথে কোন শাসকের কার্যাবলীর মিল রয়েছে— বুঝিয়ে লিখ। ৩

https://teachingbd24.com

ঘ. উক্ত শাসকের পুত্রদের মধ্যে উত্তরাধিকার দ্বন্দ্বের কারণ ও ফলাফল লিখ। ৪

৯.▶ ভিয়েতনামে ফরাসী উপনিবেশিক শাসন ছিল। তারা ভিয়েতনামকে উত্তর ও দক্ষিণ ভিয়েতনামে বিভক্ত করে। এতে উত্তর ও দক্ষিণ ভিয়েতনামের জনগণ আন্দোলন শুরু করে এবং দুই অংশ আবার ১৯৭৬ সালে একত্রিত হয়।

ক. বাঁশের কেল্লা নির্মাণ করেন কে? ১

খ. ১৯৫৭ সালের বিদ্রোহকে মহাবিদ্রোহ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের সাথে কোন অঞ্চলের বিভক্তির মিল রয়েছে। ইহা রদের কারণ কি ছিল? ৩

ঘ. উক্ত রদের প্রতিক্রিয়া বিশ্লেষণ কর। ৪

১০.▶ ফরাসিরা কানাডায় উপনিবেশ স্থাপন করে ফরাসী ভাষা তাদের উপর চাপিয়ে দেয়। কানাডার জনগণ এর বিরুদ্ধে বিক্ষোভে ফেটে পড়ে। এই আন্দোলন পরবর্তী স্বাধীনতা আন্দোলনে পরিণত হয় এবং কানাডা ফরাসীদের কাছ থেকে স্বাধীনতা লাভ করে?

ক. লাহোর প্রস্তাব কত সালে উপস্থিত হয়? ১

খ. ভারত বিভক্তির মূল কারণ কী ছিল? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের সাথে কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে। ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের মধ্যেই বাংলাদেশের স্বাধীনতার বীজ বপিত হয়েছিল। ব্যাখ্যা কর। ৪

১১.▶ আমেরিকায় ব্রিটিশদের উপনিবেশিক শাসন শোষণ থেকে মুক্তির জন্য জর্জ ওয়াশিংটন ঐতিহাসিক ১১ দফা ঘোষণা করেন, যা সমগ্র আমেরিকার জনগণকে ঐক্যবদ্ধ ও স্বাধীনতার মন্ত্রে দীক্ষিত করেছিল।

ক. যুক্তফ্রন্ট নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়? ১

খ. মৌলিক গণতন্ত্র কী? ২

গ. উদ্দীপকের সাথে পাঠ্য বই এর কোন দফার সাদৃশ্য রয়েছে। ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দফা ঘোষণাকারী পরবর্তীতে যে ভাষণ দিয়েছিলেন তার গুরুত্ব নিরূপণ কর। ৪

Teachingbd24.com

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র

বিষয় কোড | ২ | ৬ | ৮ |

সময় — ৩০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ১৮৮৭ সালে 'নবাব বাহাদুর' উপাধি কে পান?**
ক) হাজী শরীয়তুল্লাহ
খ) হাজী মুহম্মদ মোহসিন
গ) আবদুল লতিফ  ঘ) আমীর আলী

**২. লাহোর প্রস্তাবের প্রতি সতর্কতামূলক প্রতিক্রিয়া ছিল—**
ক) হিন্দু সংবাদপত্রের
খ) সাময়িকীসমূহের
গ) বৃটিশ সরকারের
ঘ) কংগ্রেস নেতা নেহেরু ও গান্ধীর

**৩. কোন ঘটনার প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুর নাইট উপাধি বর্জন করেন?**
ক) বঙ্গভঙ্গ
খ) খেলাফত আন্দোলন
গ) জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড
ঘ) অসহযোগ আন্দোলন

**৪. 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' কত সালে গঠন করা হয়?**
ক) ১৯৪৭  খ) ১৯৪৮
গ) ১৯৪৯  ঘ) ১৯৫০

**৫. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি কার সভাপতিত্বে সমাবেশ করা হয়?**
ক) নূরুল হক ভূইয়া  খ) শামসুল আলম
গ) গাজিউল হক  ঘ) আবুল কাশেম

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

১৯৬৬ → ? → পূর্ব পাকিস্তানের মুক্তির সনদ

**৬. '?' চিহ্নিত স্থানে কোন ঐতিহাসিক ঘটনাকে ইঙ্গিত করা হয়েছে?**
ক) লাহোর প্রস্তাব  খ) ছয় দফা
গ) যুক্তফ্রন্ট নির্বাচন  ঘ) ছাত্রদের ১১ দফা

**৭. উক্ত ঘটনার তাৎপর্যপূর্ণ দিক হলো—**
i. ভাষা ভিত্তিক চেতনা
ii. বলিষ্ঠ প্রতিবাদ
iii. স্বাধীনতার দাবি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৮. সবুজকোর্তা বাহিনী কী?**
ক) স্বেচ্ছাসেবক দল  খ) নিরাপত্তা বাহিনী
গ) সন্ত্রাসবাদী দল  ঘ) গণমাধ্যম কর্মী

**৯. ছাত্রনেতা আসাদ নিহত হয় ১৯৬৯ সালের- - - জানুয়ারি।**
ক) ২০  খ) ২১
গ) ২২  ঘ) ২৩

**১০. 'আইন কাঠামো আদেশ' জারি করেন কে?**
ক) আইয়ুব খান
খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) ইয়াহিয়া খান  ঘ) নূরুল আমিন

**১১. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে পূর্ব পাকিস্তানের জন্য নির্ধারিত আসন সংখ্যা কত ছিল?**
ক) ১৬০  খ) ১৬২
গ) ১৬৭  ঘ) ১৬৯

**১২. মুক্তিযুদ্ধ সঠিকভাবে পরিচালনার জন্য মুক্তিবাহিনীকে কয়টি ভাগে ভাগ করা হয়?**
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

**নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব 'ক' পৌরসভার চেয়ারম্যান হওয়ার পর এলাকায় অনেকগুলো স্থাপত্যশৈলী নির্মাণ করেন। তার পুত্রদের মধ্যে ক্ষমতা নিয়ে দ্বন্দ্ব শুরু হলে পিতার সাথে বিরোধ সৃষ্টি হয়।

**১৩. উদ্দীপকের সাথে তোমার পঠিত কোন শাসকের সাদৃশ্য রয়েছে?**
ক) আকবর  খ) জাহাঙ্গীর
গ) শাহজাহান  ঘ) আওরঙ্গজেব

**১৪. উক্ত শাসককে বলা হয়—**
i. শ্রেষ্ঠ নির্মাতা
ii. স্থাপত্যের রাজপুত্র
iii. প্রজাহিতৈষী
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৫. মুঘল আমলের কেন্দ্রীয় সরকারের সমর ব্যবস্থাপনা বিষয়ক মন্ত্রী ছিলেন—**
ক) দিওয়ান  খ) মীর বখশি
গ) মীর সামান  ঘ) সদর-উস-সুদুর

**১৬. তিতুমীরের সংগ্রামের উদ্দেশ্য ছিল—**
i. সমাজ সংস্কার
ii. নীলকরদের শোষণ থেকে মুক্তি
iii. কুসংস্কার দূরীকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৭. প্রাক—সালতানাত যুগে দিল্লি ও আজমিরে কোন বংশ রাজত্ব করত?
ক প্রতিহার　খ চান্দেলা
গ চৌহান　ঘ চালুক্য

১৮. হিন্দু সমাজে ব্রাহ্মণরা উচ্চ মর্যাদার ছিলেন কারণ তারা —
ক পুরোহিত শ্রেণির অন্তর্ভুক্ত ছিলেন
খ সমাজে নেতৃত্ব দিতেন
গ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ছিলেন
ঘ রাষ্ট্রীয় প্রতিনিধি ছিলেন

১৯. আগরতলা মামলার উদ্দেশ্য ছিল—
i. পূর্ব পাকিস্তানকে নেতৃত্বশূন্য করা
ii. আইয়ুব খানের ক্ষমতা খর্ব
iii. আইয়ুব খানের প্রভাব বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**
কালিগঞ্জর বিজয় → ? → জাঠদের বিরুদ্ধে অভিযান

২০. '?' স্থানে কোন অভিযানের কথা বলা হয়েছে?
ক থানেশ্বর　খ সোমনাথ
গ মথুরা　ঘ চান্দেলা রাজ্য

২১. উক্ত অভিযানের ফলে—
i. ধন-সম্পদ হস্তগত হয়
ii. হিন্দুদের ধর্ম বিশ্বাস চুর্ণ হয়
iii. ধর্মীয় কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২২. 'লাখ বখস' কোন সুলতানের উপাধি ছিল?
ক কুতুব উদ্দিন
খ ইলতুৎমিশ
গ গিয়াস উদ্দিন বলবন
ঘ মুহাম্মদ বিন তুঘলক

২৩. দিল্লির কোন সুলতান 'বিমারিস্তান' নামে দাতব্য চিকিৎসালয় স্থাপন করেন?
ক গিয়াসউদ্দিন বলবন
খ আলাউদ্দিন খলজি
গ মুহাম্মদ বিন তুঘলক
ঘ ফিরোজ শাহ তুঘলক

২৪. কোন সুলতান 'দ্বিতীয় আলেকজান্ডার' উপাধি গ্রহণ করেন?
ক আলাউদ্দিন খলজি
খ ফিরোজ শাহ তুঘলক
গ খিজির খান　ঘ ইব্রাহিম লোদী

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
সুলতান 'ক' বিশাল সৈন্যদের বেতন ভাতা প্রদানের জন্য অর্থনৈতিক সংস্কার করেন। বাজারে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম নির্ধারণ করে দেন। মজুদদারী রোধ করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন।

২৫. উদ্দীপকে বর্ণিত সংস্কার কী নামে অভিহিত?
ক মাতামহীসুলভ ব্যস্থা
খ উচ্চাভিলাষী পরিকল্পনা
গ মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা
ঘ দ্রব্য নিয়ন্ত্রণ প্রথা

২৬. উক্ত সংস্কারের জন্য গৃহীত পদক্ষেপ হলো—
i. অবৈধ কর বিলোপ
ii. বাজার পরিদর্শক নিয়োগ
iii. পণ্য সরবরাহ নিশ্চিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৭. কার রাজত্বকালে ইংরেজরা মুঘলদের অনুগ্রহ লাভ করেছিল?
ক আকবর　খ জাহাঙ্গীর
গ শাহজাহান　ঘ আওরঙ্গজেব

২৮. সুন্নি মুসলমানদের তুষ্টি অর্জনের উদ্দেশ্যে আওরঙ্গজেব—
i. মাদকের ব্যবহার নিষিদ্ধ করেন
ii. সতীদাহ প্রথা বেআইনি ঘোষণা দেন
iii. নওরোজ উৎসব নিষিদ্ধ করেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৯. কররানি বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
ক তাজখান　খ দাউদ খান
গ সুলায়মান খান　ঘ মাহমুদ খান

৩০. সিন্ধু বিজয়ের সময় ইরাকের শাসনকর্তা কে ছিলেন?
ক মুহাম্মদ বিন কাশিম
খ মুসা বিন নুসায়ের
গ তারিক বিন জিয়াদ
ঘ হাজ্জাজ বিন ইউসুফ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com